তারিখ ... 16 JUN 2016 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

কালের কণ্ঠ

# নতুন স্কেলেই ঈদ বোনাস

নিজস্ব প্রতিবেদক ▷

ঈদুল ফিতরের বোনাস নতুন বেতন কাঠামোতেই পাবেন সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকরিজীবীরা। চলতি জুন মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ তাঁদের ঈদ বোনাস হিসেবে যুক্ত হচ্ছে। বোনাসের এই অর্থ ১ জুলাইয়ের আগেও উত্তোলন করা যাবে। অর্থ মন্ত্রণালয়ের এক আদেশে এ তথ্য জানা গেছে।

অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন অনুবিভাগের সহকারী সচিব মো. সামীম আহসান স্বাক্ষরিত এক নির্দেশনায় গতকাল বুধবার বলা হয়েছে, 'পবিত্র ঈদুল ফিতর, ২০১৬-এর উৎসব ভাতা জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী জুন ২০১৬ মাসের মূল বেতনের ভিত্তিতে প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এ ভাতা ১ জুলাই, ২০১৬-র আগেও

▶▶ পৃষ্ঠা ১৩ ক. ৬

## নতুন স্কেলেই ঈদ বোনাস

▶▶ প্রথম পৃষ্ঠার পর

উত্তোলনযোগ্য।'

বিদ্যমান উৎসব ভাতা ও নতুন বেতন স্কেলের আদেশ বাস্তবায়ন করতে গিয়ে আসন্ন ঈদের উৎসব বোনাস কোন কাঠামো অনুযায়ী দেওয়া হবে, তা নিয়ে এক ধরনের দ্বিধায় পড়ে সরকার। এরশাদ সরকারের সময় জারি করা বিধান অনুযায়ী, কোনো চাকরিজীবী তাঁর সর্বশেষ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ উৎসব ভাতা হিসেবে পেয়ে থাকেন। এ হিসাবে চাকরিজীবীদের চলতি জুন মাসের মূল বেতনের সমান অর্থ ঈদ বোনাস হিসেবে পাওয়ার কথা। অন্যদিকে নতুন বেতন কাঠামোর গেজেটে বলা হয়েছে, এ কাঠামো অনুযায়ী সব ধরনের বর্ধিত ভাতা কার্যকর করা হবে ১ জুলাই থেকে। সে মোতাবেক, জুলাই মাসে অনুষ্ঠেয় ঈদুল ফিতরের বোনাস পুরনো বেতন কাঠামো অনুযায়ী হওয়ার কথা।

অর্থ মন্ত্রণালয়ের কর্মকর্তারা বলেন, চাঁদ দেখা-সাপেক্ষে আগামী ৬ জুলাই ঈদুল ফিতর হওয়ার সম্ভাবনা রয়েছে। এর অন্তত দুই-তিন সপ্তাহ আগেই ঈদের বোনাস পরিশোধ করতে হয়। এ অবস্থায় পুরনো বেতন কাঠামোতে বোনাস দেওয়া হলে চাকরিজীবীদের মধ্যে এক ধরনের অসন্তোষ দেখা দিত। এ বিষয়টি বিবেচনা করে সরকার নতুন কাঠামো অনুযায়ী ঈদের বোনাস দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। এ-সংক্রান্ত সিদ্ধান্ত গত মঙ্গলবার অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত অনুমোদন করার পর বুধবার নির্দেশনা জারি করা হয়েছে। নতুন বেতন অনুযায়ী সব ধরনের বর্ধিত ভাতা আগামী ১ জুলাই থেকে কার্যকর হলেও ঈদ বোনাস এর আগেই তুলতে পারবেন চাকরিজীবীরা। এটি নিয়ে আর কোনো জটিলতা নেই।

এদিকে সরকারি কর্মচারী-কর্মকর্তারা আলাপকালে জানিয়েছেন, ঈদের পর বেশ আর্থিক স্বস্তিতে থাকবেন তাঁরা। ১ জুলাই থেকেই বর্ধিত বাসাভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, শিক্ষা ভাতা, যাতায়াত ভাতাসহ সব ধরনের ভাতা পেতে যাচ্ছেন তাঁরা। এত দিন আগের কাঠামোতে যে পরিমাণ ভাতা পেতেন, নতুন কাঠামোয় তাঁর দ্বিগুণেরও বেশি ভাতা পাবেন। শতভাগ বেতন বৃদ্ধির পর এক শ ভাগের বেশি ভাতা যোগ হলে বেশ স্বস্তিতে সংসারের ব্যয় নির্বাহ করা যাবে।